দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 19. APR 1989
পৃষ্ঠা 5 কলাম 7

009

# এইচএসসি : একইদিনে দুই বিষয়ে পরীক্ষা

কয়েকদিন আগে ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ আগামী ৮ই জুন অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষার সময়সূচী ঘোষণা করেছেন।

আমরা কয়েকজন পরীক্ষার্থী এই রুটিন দেখে দুশ্চিন্তায় পড়েছি। ঘোষিত সময়সূচী অনুসারে আগামী ১৯শে জুন সকালে সমাজকল্যাণ প্রথম পত্র ও একই দিন বিকালে ভিন্ন বিষয় ইসলামের ইতিহাস পরীক্ষা গ্রহণের কথা।

তার পরের দিন ২০শে জুন সকালে সমাজকল্যাণ দ্বিতীয় পত্রের পরীক্ষা, বিকালে ইসলামের ইতিহাস দ্বিতীয় পত্রের পরীক্ষা। মাঝখানে একদিনও বিরতি নেই। অথচ অন্যান্য পরীক্ষায় তা রাখা হয়েছে।

আমাদের মত যে বিপুল সংখ্যক পরীক্ষার্থী এই দুটি বিষয়েরই পরীক্ষা দেবেন, তারা এক অনিশ্চয়তার সম্মুখীন। একই দিন সকাল বিকাল দুটি ভিন্ন বিষয়ের পরীক্ষায় অবতীর্ণ হওয়ার মত উপযুক্ত প্রস্তুতি থাকা সত্ত্বেও রিভিশন দেয়ার সুযোগ মোটেও থাকবে না। যা কিনা অন্যান্য বিষয়ের পরীক্ষাগুলোতে রয়েছে।

চূড়ান্ত পরীক্ষায় বসার আগে শেষ মুহূর্তের চোখ বুলানোর অবকাশ এখানে রুদ্ধ হয়ে পড়বে। এটি পরীক্ষার্থীদের ওপর একটি বাড়তি মানসিক চাপ। বোর্ড কর্তৃপক্ষ ব্যাপারটি একটু খতিয়ে দেখলে এই সমস্যার সুরাহা হতে পারে।

পরীক্ষা চলবে ২৭শে জুন পর্যন্ত। সমাজকল্যাণ ও ইসলামের ইতিহাস বিষয় দুটির পরীক্ষা একই দিনে না নিয়ে ভিন্ন দুই দিনে নেয়ার ব্যবস্থা করার অনুরোধ জানাচ্ছি। আশা করি, বোর্ড কর্তৃপক্ষ আমাদের আবেদনের যুক্তি ও সমস্যার কথা সহৃদয়তার সঙ্গে বিবেচনা করে এই দুটি বিষয়ের সময়সূচী পুনঃ নির্ধারণ করবেন।

—বিটু, নাহার, রেহানা, রীনা বুলবুল, লুনা, ছন্দা, ময়না ইতি থুকু ও কাবেরী। সিদ্ধেশ্বরী ডিগ্রী কলেজ, ঢাকা।

॥ ২ ॥

প্রতি বছরের মত ১৯৮৯ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষার সময় সূচী সকলের জ্ঞাতার্থে জানানো হয়েছে। তবে গত বছরের সময়সূচীর সঙ্গে এবারের সময়সূচী একটু ভিন্ন ধর্মী। ৮ই জুন ১৯৮৯ সন থেকে পরীক্ষা আরম্ভ হয়ে শেষ হবে ২৭শে জুন ১৯৮৯ ইং। প্রতি বছর বাংলা পরীক্ষা ২ দিনে অনুষ্ঠিত হয় এবার একই দিনে বাংলা আবশ্যিক বিষয়ের পরীক্ষা হচ্ছে। বিশেষ করে বিজ্ঞান বিভাগের পরীক্ষা ২০শে জুন তারিখে শেষ হবে। বিজ্ঞান বিভাগের তত্ত্বীয় বিষয়গুলো সবই বিকালে। তবে বিজ্ঞান বিভাগের সকল পরীক্ষাই ক্রমাগত হচ্ছে মাঝখানে কোন ফাঁক রাখা হয়নি। এমতাবস্থায় পরীক্ষা দেয়া আমাদের পক্ষে কষ্টসাধ্য হয়ে উঠবে। তাই সদাশয় পরীক্ষা নিয়ন্ত্রকের দৃষ্টি আকর্ষণ করে বলছি পরীক্ষার সময়সূচী পরিবর্তন ঘটিয়ে আমাদের পরীক্ষা দেয়ার সুব্যবস্থা করার জন্য সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছি।

—জীবন হালদার
আয়নাল হক মতিলাল মহাবিদ্যালয় দৌলতপুর, মানিকগঞ্জ।